রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, ডিসেম্বর ৭, ২০১৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**ই-গভর্নেন্স শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৫ অগ্রহায়ণ ১৪২২/১৯ নভেম্বর ২০১৫

**নং ০৪.০০.০০০০.৮৩১.৬৬.০১০.১৫.৬৬**—একটি গতিশীল প্রশাসনিক ব্যবস্থা প্রবর্তনের লক্ষ্যে সরকারি কর্মসম্পাদনে স্বচ্ছতা, দায়বদ্ধতা ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণকল্পে সরকারি দপ্তর/সংস্থাসমূহে কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি চালু করা হয়েছে। সরকারি সেবা নাগরিকগণের দোরগোড়ায় কম সময়ে, কম খরচে ও ভোগান্তিবিহীনভাবে পৌঁছে দেওয়ার নিমিত্ত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের 'সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন' সংক্রান্ত কার্যক্রম (Activity)-এর আওতায় মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থা কর্তৃক কমপক্ষে একটি করে সেবা প্রক্রিয়া সহজীকরণ ও একটি করে অনলাইন সেবা চালুকরণের বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে। মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থা কর্তৃক গৃহীত উল্লিখিত কার্যক্রম সুচারুরূপে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নলিখিত কমিটি গঠন করা হল:

**(ক) কমিটির গঠন:**

| | | | |
|---|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব (সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ | - | আহ্বায়ক |
| ২. | উপসচিব, প্রশাসনিক সংস্কার ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা অধিশাখা | - | সদস্য |
| ৩. | উপসচিব, সুশাসন ও অভিযোগ ব্যবস্থাপনা অধিশাখা | - | সদস্য |
| ৪. | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের একজন প্রতিনিধি (উপসচিবের নিম্নে নয়) | - | সদস্য |
| ৫. | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৬. | একসেস টু ইনফরমেশন প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৭. | উপসচিব, ই-গভর্নেন্স অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ | - | সদস্য-সচিব |



**মূল্য ঃ** টাকা ৪.০০

**(খ) কমিটির কার্যপরিধিঃ**

১. মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থাসমূহ কর্তৃক গৃহীত একটি সেবা সহজীকরণ এবং একটি ই-সেবা চালুকরণ কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় সমন্বয় সাধন;

২. প্রতি মাসে একবার সভায় মিলিত হয়ে সেবা পদ্ধতি সহজীকরণ এবং ই-সেবা চালুকরণের অগ্রগতি পর্যালোচনা ও পরিবীক্ষণ; এবং

৩. প্রতি বছর সেবা পদ্ধতি সহজীকরণ ও ই-সেবা বাস্তবায়ন বিষয়ক প্রতিবেদন প্রণয়ন।

০২। উল্লিখিত কমিটি প্রয়োজনে কোন উপযুক্ত ব্যক্তিকে কমিটির সভায় আমন্ত্রণ জানাতে পারবে।

০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মাহ্‌ফুজা বেগম**
সিনিয়র সহকারী সচিব

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ড. মহিউদ্দীন আহমেদ (উপসচিব), উপপরিচালকের দায়িত্বে, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd